



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

### বিজ্ঞপ্তি

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের বিষয়/বিভাগ সংশোধন/পরিবর্তনের আবেদন করার সময়সীমা ৩১/০৩/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

শিক্ষার্থীকে বিষয়/বিভাগ সংশোধন/পরিবর্তনের কারণ উল্লেখ করে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করে সংশ্লিষ্ট কলেজে আবেদন পত্র জমা দিতে হবে। কলেজের অধ্যক্ষ আবেদনের তথ্যাদি যাচাই করে অনলাইনে কলেজ প্যানেল ([institute.jessoreboard.gov.bd](http://institute.jessoreboard.gov.bd)) থেকে শিক্ষার্থীর আবেদন 'সাবমিট' করবেন।

আরও জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে দাখিলকৃত বেশ কিছু আবেদনের বিপরীতে সোনালী সেবার মাধ্যমে ফি জমা না দেওয়ার কারণে এখনও সেই আবেদনগুলি অনিষ্পন্ন অবস্থায় আছে। অনিষ্পন্ন আবেদনগুলির বিষয়/বিভাগ পরিবর্তন হবে না। এর জন্য পরবর্তীতে কোন জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট শিক্ষার্থী এবং কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

নির্ধারিত সময়ের পরে বিষয়/বিভাগ পরিবর্তনের আর কোন সুযোগ থাকবে না।

অনলাইনে আবেদন করার নিয়মাবলী:-

- ১। সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ শিক্ষার্থীর আবেদনে বর্ণিত তথ্যাদি যাচাই করে নির্ধারিত ঘরে স্বাক্ষর করবেন এবং স্ক্যান করে আবেদনের পিডিএফ ফাইল তৈরি করবেন।
- ২। অনলাইনে কলেজ প্যানেল ([institute.jessoreboard.gov.bd](http://institute.jessoreboard.gov.bd)) থেকে "Group & Subject Change" মেনুর Create Application অপশনে প্রবেশ করে প্রয়োজনীয় ঘরসমূহ পূরণ করবেন এবং শিক্ষার্থীর আবেদনের পিডিএফ ফাইল আপলোড করে আবেদন 'সাবমিট' করবেন।
- ৩। আবেদন সাবমিট করার পর অনলাইনে সোনালী সেবার অটো-জেনারেটেড রসিদ প্রিন্ট করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় বিষয়/বিভাগ পরিবর্তন ফি জমা দিলে আবেদনের কাজ সম্পন্ন হবে। "Group & Subject Change" মেনুর All Application অপশনে প্রতিষ্ঠানের সকল আবেদন এবং তার বর্তমান অবস্থা দেখা যাবে।
- ৪। বোর্ড কর্তৃক আবেদন অনুমোদন করার পর কলেজ প্যানেল থেকে অনুমোদন পত্র প্রিন্ট করে শিক্ষার্থীকে তার কপি দেবেন এবং নথিতে কপি সংরক্ষণ করবেন।
- ৫। বোর্ডের অনুমতি ব্যতীত কোন শিক্ষার্থী বা প্রতিষ্ঠান বিষয়/বিভাগ সংশোধন/পরিবর্তন করতে পারবে না। একরূপ ঘটলে তার দায়-দায়িত্ব সম্পূর্ণভাবে শিক্ষার্থী/প্রতিষ্ঠানকেই নিতে হবে।
- ৬। যশোর বোর্ডের ওয়েবসাইটের Download মেনু থেকে নির্ধারিত আবেদন ফরম প্রিন্ট করা যাবে।
- ৭। বিষয়/বিভাগ সংশোধন/পরিবর্তনের জন্য আবেদনের কোন হার্ড কপি এ বোর্ডে গ্রহণ করা হবে না।

২৮/০২/২০১৯

(কে এম রব্বানী)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

ফোন: ০৪২১-৮৬৩৮৬

e-mail: [ic@jessoreboard.gov.bd](mailto:ic@jessoreboard.gov.bd)